



দাদুর গল্পে

আখলাক শিখি



ড. আলি রাশেদ

দাদুর গল্পে
**আখলাক
শিখি**

অনুবাদ
আবু তালহা সাজিদ

মাকতাবাতুল হামান

© সর্বস্বত্ব প্রকাশক কর্তৃক সংরক্ষিত।

প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত যেকোনো মাধ্যমে বইটির আংশিক বা সম্পূর্ণ প্রকাশ বা মুদ্রণ একেবারেই নিষিদ্ধ। পিডিএফ আকারেও এর কোনো অংশ কোথাও প্রকাশের অনুমতি নেই।

দাদুর গল্পে আখলাক শিখি

স্বত্ব : প্রকাশক

প্রথম প্রকাশ : রবিউল আউয়াল ১৪৪৫/সেপ্টেম্বর ২০২৩

প্রকাশনায় : মাকতাবাতুল হাসান

দোকান নং : ৩৩-৩৪, ইসলামী টাওয়ার (আন্ডারগ্রাউন্ড), বাংলাবাজার, ঢাকা

☎ ০১৭৮৭০০৭০৩০

E-mail : info.maktabatulhasan@gmail.com | **Fb** : fb.com/Maktabahasan

অনলাইন পরিবেশক :

rokomari.com - wafilife.com - ILHAM- নিউ লেখা প্রকাশনী (৫৭ ডি কলেজ স্ট্রিট, কোলকাতা)

সম্পাদনা : রেদওয়ান সামী

বানানসময়র : মাসউদ আহমাদ

পৃষ্ঠাসজ্জা ও প্রচ্ছদ : মো. আখতারুজ্জামান

মুদ্রিত মূল্য : ২৭০/- মাত্র

Dadur Golpe Akhlak Shikhi

By Dr. Ali Rashed

Published by : Maktabatul Hasan, Bangladesh

ISBN : 978-984-97319-2-4



সূচিপত্র

তাকওয়া	৯
ইখলাস	১১
ন্যায়বিচার	১৩
বদান্যতা	১৬
বিনয়	১৭
দয়া	১৯
ক্ষমা	২১
অল্পেতুষ্টি	২৪
সহযোগিতা	২৬
আত্মবিশ্বাস	২৮
কোমল আচরণ	২৯
সাহসিকতা	৩২
সহনশীলতা	৩৪
শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা	৩৬
দায়িত্বশীলতা	৩৮
ইলম ও আলেমের সম্মান	৪১
স্বাধীনতা	৪৩
ভিন্নমত	৪৫
লজ্জাশীলতা	৪৭
মহত্ত্ব	৪৮
আশা	৫০
গোপন কথা গোপন রাখা	৫২
আত্মীয়তা	৫৩
হাসিখুশি মন	৫৫

পবিত্র চরিত্র	৫৬
প্রতিশ্রুতি	৫৮
সত্যবাদিতা	৬০
সবর	৬২
আনুগত্য	৬৪
সাধনা ও অধ্যবসায়	৬৬
প্রতিবেশীর সাথে সদব্যবহার	৬৮
মা-বাবার প্রতি সদাচরণ	৭০
আমানতদারি ও বিশ্বস্ততা	৭৩
সুধারণা	৭৪
নিপুণতা	৭৬
সময়	৭৮
কাজ	৮০
অন্যের দায়িত্বগ্রহণ	৮২
সালাম	৮৪
তাওবা	৮৭
আল্লাহ ভরসা	৮৯
দোয়া	৯২
সত্যের পথে অবিচলতা	৯৫
অন্যের কল্যাণ কামনা	৯৬
স্পষ্টবাদিতা	৯৯
অন্যকে খুশি করা	১০১
আল্লাহর মোরাকাবা	১০৩
অন্যের দোষ গোপন রাখা	১০৫
বরকত	১০৬
দুনিয়াবিমুখতা	১০৯
ভবিষ্যৎ পরিকল্পনা	১১২
ঔত্র-বারের ঘোরাঘুরি	১১৪
রাস্তা থেকে কষ্টদায়ক জিনিস দূর করা	১১৬



বিসমিল্লাহির রাহমানির রাহিম

এশার নামাজের পর মারিয়াম ও উমর রাতের খাবার খেয়ে নিল। তারপর দুজনে দাদুর সাথে গল্প করতে বসল।

দাদু বললেন, আলহামদুলিল্লাহ! আজ এই বাড়ির কিস্তি দেওয়া শেষ হলো।

এ কথা বলে দাদু মিষ্টি করে হাসলেন। তারপর বললেন, আজ থেকে ২০ বছর আগে এই বাড়িটা কিস্তিতে কিনেছিলাম। গত ২০ বছর ধরে প্রতি মাসে কিস্তি দিয়েছি। অবশেষে আজ বাড়িটি পুরোপুরি আমাদের হয়েছে। আলহামদুলিল্লাহ!

উমর বলল, মনে হয়, টাকাই আমাদের জীবনে সবচেয়ে গুরুত্বপূর্ণ জিনিস। টাকা দিয়ে আমাদের যা ইচ্ছা তাই কিনতে পারি। তাই না দাদুভাই?

দাদু বললেন, না দাদুভাই, আমাদের জীবনে টাকাই সবচেয়ে গুরুত্বপূর্ণ নয়। যদি তা-ই হতো, তাহলে পৃথিবীতে ধনীদের সংখ্যাই হতো বেশি।

মারিয়াম অবাক হয়ে জিজ্ঞেস করল, তাহলে কি টাকার চেয়েও গুরুত্বপূর্ণ জিনিস আছে! কী সেই জিনিস দাদুভাই?

দাদুভাই উত্তর দিলেন, আল্লাহর প্রতি ঈমান আনা, আল্লাহর আদেশ-নিষেধ মেনে চলা, উত্তম গুণাবলিতে নিজেদের সাজিয়ে তোলা এবং ভালো কাজে অগ্রগামী হওয়া ইত্যাদি টাকার চেয়েও অনেক গুরুত্বপূর্ণ।

আর হ্যাঁ, এগুলোই দুনিয়াতে শান্তি ও আখেরাতে চিরস্থায়ী জান্নাত লাভের পথ।

দাদুভাই বললেন,

আল্লাহ তাআলা কুরআন শরিফে বলেছেন, যে ঈমানদার নারী কিংবা পুরুষ সৎকর্ম করবে, আমি অবশ্যই তাকে দুনিয়াতে উত্তম জীবনযাপন করাব এবং তাদের অবশ্যই প্রতিদান দেবো তাদের উত্তম কর্ম অনুযায়ী।



তাকওয়া

উমর জিজ্ঞেস করল, দাদুভাই! তাকওয়া মানে কী?

দাদু বললেন, তাকওয়া মানে গোপনে-প্রকাশ্যে সর্বাবস্থায় আল্লাহকে ভয় পাওয়া, সবসময় আল্লাহর অনুগত হয়ে চলা, আল্লাহর প্রতিদানের আশা করা, আল্লাহর অবাধ্য না হওয়া এবং আল্লাহর শাস্তিকে ভয় পাওয়া। তাকওয়ার স্থান হৃদয়।

আল্লাহ তাআলা বলেছেন, তবে কি তারা জমিনে চলাফেরা করে না, তাহলে তারা এমন হৃদয় লাভ করত, যার মাধ্যমে তারা উপলব্ধি করতে পারত, কিংবা এমন কান লাভ করত, যার মাধ্যমে তারা শুনতে পেত। প্রকৃতপক্ষে চোখ অন্ধ হয় না, বরং অন্ধ হয় সেই হৃদয়, যা বুকের ভেতর থাকে।

[সূরা হজ : ৪৬]

এজন্য যার হৃদয়ে তাকওয়া থাকে, সে এমন ইচ্ছাশক্তি লাভ করে, যে ইচ্ছাশক্তি তাকে সবসময় সৎকাজে উদ্বুদ্ধ করে, সমস্ত মন্দ কাজ থেকে দূরে রাখে।

মারিয়াম বলল, যার হৃদয় এমন হবে, তার প্রতিদান কী, দাদু?

দাদু বললেন, দুনিয়াতে তাকওয়াবান ব্যক্তির প্রতিদান—আল্লাহ তাআলা তার জীবনের সমস্ত বিষয় সহজ করে দেবেন। সব মানুষই বিপদে পড়ে। কিন্তু কোনো তাকওয়াবান ব্যক্তি যদি বিপদে পড়েন, তাহলে আল্লাহ তাআলা তাকে অতি সহজে বিপদ থেকে উদ্ধার করেন।

শোনো দাদুভাইয়েরা! তোমাদের একটা গল্প বলি। এক যুবক বিদেশে গিয়ে তিন বছর কাজ করল। তিন বছর পর সে অনেক টাকা নিয়ে রওনা হলো নিজের দেশে। পথিমধ্যে দুই ছিনতাইকারী পিছু নিল এই যুবকের। এক জায়গায় এসে ছিনতাইকারীরা লাঠি দিয়ে আঘাত করল যুবককে। লাঠির আঘাতে বেচারার জ্ঞান হারাল। দুই ছিনতাইকারী টাকাপয়সা, জিনিসপত্র সব হাতিয়ে নিয়ে যুবককে